দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 09 JUN 2016 ...
পৃষ্ঠা ...১৭... কলাম ...৩...

পরীক্ষায় অসদুপায় অবলম্বন

# বিহারে মেধা তালিকায় শীর্ষে থাকা চার শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা

■ বিবিসি

ভারতের বিহারে মেধা তালিকায় শীর্ষে থাকা ৪ শিক্ষার্থীর বিরুদ্ধে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে মামলা হয়েছে। বিহারে স্কুল ফাইনাল পরীক্ষায় মানবিক বিভাগে প্রথম হওয়া রুবি রাই পলিটিক্যাল সাইন্সকে রান্না বিষয়ক জ্ঞান এবং বিজ্ঞান বিভাগে প্রথম হওয়া আরেক ছাত্রী পানি এবং $H_2O$-এর মধ্যে সম্পর্ক বলতে না পারায় রাজ্যের শিক্ষাবোর্ড মেধা তালিকায় শীর্ষে থাকা ১৩ জন শিক্ষার্থীকে গত শুক্রবার পুনঃযাচাইয়ের জন্য ডাকে। বোর্ড বিজ্ঞান বিভাগের দুই ছাত্রের রেজাল্ট বাতিল করেছে। রুবি রাই পুনঃপরীক্ষার জন্য শিক্ষাবোর্ডে যাননি।

যাদের বিরুদ্ধে মামলা হয়েছে তারা হলেন রুবি রাই, সৌরভ শ্রেষ্ঠা, রাহুল কুমার এবং শালিনি রাই। বিহারে এবার ১০ লাখের বেশি ছাত্র-ছাত্রী স্কুল ফাইনাল পরীক্ষায় অংশ নিয়েছিল।